



## 'Trends of Suicide and Prevention Strategies' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



১০ সেপ্টেম্বর ২০২৩-রবিবার সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বিভাগীয় কনফারেন্স রুমে 'Trends of Suicide and Prevention Strategies' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আবুল হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন।

সায়েন্টিফিক সেশনে সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. রেজাউল করিমের সভাপতিত্বে আলোচক হিসেবে ছিলেন মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আকরাম উজ্জামান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



উল্লেখ্য উক্ত সেশনে সমাজকর্ম বিভাগের এম এস শিক্ষার্থী তামান্না ইসলাম 'Suicide ideation and behaviour among the university students' শীর্ষক প্রবন্ধ এবং NeuroGen HealthCare Limited এর সাইকোথেরাপিস্ট মো: আসাদুজ্জামান মন্ডল 'Pattern of suicide in young generation and how to manage' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।